

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১৯]

পর্ব-১৭: ইস্তিক্ষা (বৃষ্টির জন্যে দু'আ করা) (১ ইন্ডিক্ষা (বৃষ্টির জন্যে দু'আ

পরিচ্ছেদঃ ১০: দু'আর উল্লেখ

باب ذِكْرِ الدُّعَاءِ

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، قال: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، قال: حَدَّثَنَا شَرِيكُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ أَنَسِ بْنِ مَالِك، أَنَّ رَجُلًا دَخَلَ الْمَسْجِدَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ يَخْطُبُ، فَاسْتَقْبُلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمًا، وَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، هَلَكَتِ يَخْطُبُ، فَاسْتَقْبُلُ ، فَادْعُ اللَّهُ أَنْ يُغِيثَنَا، فَرَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْيُهِ، ثُمَّ قَالَ: اللَّهُمَّ أَغِثْنَا اللَّهُمَّ أَغِثْنَا ، قَالَ أَنسٌ: وَلَا وَاللَّهِ مَا نَرَى فِي السَّمَاءِ مِنْ سَكَابَةٍ وَلَا قَزَعَةٍ وَمَا بَيْنَنَا وَبَيْنَ سَلْعٍ مِنْ بَيْت وَلَا دَارٍ فَطَلَعَتْ سَحَابَةٌ مِثْلُ التُرْسِ، فَلَمَّا تَوَسَّطَتِ السَّمَاءَ انْتَشَرَتُ وَأَمْطَرَتْ، قَالَ أَنسٌ: وَلَا وَاللَّهِ مَا رَأَيْنَا الشَّمْسَ سَبْتًا، قَالَ: سَحَابَةٍ وَلَا قَلْعَتْ السَّمَاءَ انْتَشَرَتُ وَأَمْطَرَتْ، قَالَ أَنسٌ: وَلَا وَاللَّهِ مَا رَأَيْنَا الشَّمْسَ سَبْتًا، قَالَ: تَوَسَّطَتِ السَّمَاءَ انْتَشَرَتُ وَأَمْطَرَتْ، قَالَ أَنسٌ: وَلَا وَاللَّهِ مَا رَأَيْنَا الشَّمْسَ سَبْتًا، قَالَ: تَوَسَّطَتِ السَّمَاءَ انْتَشَرَتُ وَأَمْطَرَتْ، قَالَ أَنْسُ: وَلَا وَاللَّهِ مَا رَأَيْنَا الشَّمْسَ سَبْتًا، قَالَ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ وَسَلَّمَ عَلَيْكَ، هَلَكَتِ الْأَمُوالُ وَانْقُطُعَتِ السَّبُلُ، فَادْعُ اللَّهَ أَنْ يُمْسِكَهَا عَنَّا، فَرَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْكَ، هَلَكَت الْأَمُوالُ وَانَعْظُعَتِ السَّبُلُ، فَادْعُ اللَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهُ مَالَكَ وَلَا اللَّهُ عَلَيْكَ الْسُولَ اللَّهُ عَلَيْكَ اللَّهُ عَلَيْكَ اللَّهُ عَلَيْكَ اللَّهُ وَسَلَّمَ وَالْتُولُونِ الْأَوْدِيَةِ وَمَنَابِتِ وَالْقَرِرَابِ وَلِطُونِ الْأَوْدِيَةِ وَمَنَابِتِ وَمَنَابِت وَلَا اللَّهُ عَلَيْكَ الْقُولَ الرَّهُ وَلَا اللَّهُ عَلَيْكَ اللَّهُ مَلَكَت اللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ مَالَكُ اللَّهُ مَلْكَ اللَّهُ وَالْمَرْدُ اللَّهُ مَا اللَّهُ وَلَا اللَّهُ مَا اللَّهُ عَلَيْكَ اللَّهُ اللَّهُ عَلَيْكَ اللَّهُ مَلْكَ اللَّهُ عَلَيْكَ الْمَالُ اللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْكَ الَ

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٥٠٥ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1519 _ حسن صحيح

বাংলা



১৫১৮. 'আলী ইবনু হুজুর (রহ.) আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। এক ব্যক্তি মসজিদে প্রবেশ করল, তখন রসূলুল্লাহ (সা.) দাঁড়ানো অবস্থায় খুৎবা দিচ্ছিলেন, সে রসূলুল্লাহ (সা.) -এর দিকে মুখ করে দাড়িয়ে বলল, হে আল্লাহর রসূল! (ঘাস বিচালির সংকট হেতু) চতুপ্পদ জন্তুগুলো দুর্বল হয়ে যাচ্ছে, (গরমের আধিক্য হেতু) রাস্তাঘাটও বন্ধ হয়ে যাচ্ছে। অতএব আল্লাহ তা'আলার সমীপে দু'আ করুন, তিনি যেন আমাদের ওপর বৃষ্টি বর্ষণ করেন। তখন রসূলুল্লাহ (সা.) তাঁর দু' হাত উঠালেন এবং বললেন, "আল্লহুন্মা আগিসনা- আল্ল-হুন্মা আগিসনা-" (হে আল্লাহ! তুমি আমাদের ওপর বৃষ্টি বর্ষণ কর, হে আল্লাহ! তুমি আমাদের ওপর বৃষ্টি বর্ষণ কর)। আনাস (রাঃ) বলেন, আমরা তখন আকাশে কোন মেঘ বা মেঘের টুকরা দেখছিলাম না, আর আমাদের "সা'ই" পাহাড়ের মধ্যবর্তী স্থানে কোন ঘর-বাড়িও ছিল না। হঠাৎ ঢালের নায় একখণ্ড মেঘ প্রকাশ পেল, যখন তা মধ্যাকাশে পৌছল, বিস্তৃত হয়ে গেল এবং তা বৃষ্টির আকারে বর্ষিত হতে লাগল। আনাস (রাঃ) বলেন, আল্লাহর কসম! আমরা এক সপ্তাহ অবধি সূর্য দেখছিলাম না। তিনি বলেন, পরবর্তী জুমু'আয় ঐ দরজা দিয়ে এক ব্যক্তি প্রবেশ করল, তখন রসূলুল্লাহ (সা.) দাঁড়ানো অবস্থায় খুৎবা দিচ্ছিলেন। সে রসূলুল্লাহ (সা.) -এর সামনে তার দাঁড়ানো অবস্থায় আসলো এবং বলল, হে আল্লাহর রসূল! বৃষ্টির আধিক্য হেতু চতুম্পদ জন্তুগুলো অকর্মণ্য হয়ে যাচ্ছে এবং রাস্তাঘাটও বন্ধ হয়ে যাচ্ছে। অতএব আল্লাহ তা'আলার কাছে দু'আ করুন তিনি যেন আমাদের ওপর থেকে বৃষ্টি বন্ধ করে দেন।

তখন রসূলুল্লাহ (সা.) দু হাত উঠালেন এবং বললেন, হে আল্লাহ! তুমি আমাদের আশেপাশে বৃষ্টি বর্ষণ কর, আমাদের ওপরে নয়। হে আল্লাহ! পাহাড় এবং টিলার চূড়ায় চূড়ায় উপত্যকার মাঝে মাঝে এবং গাছপালার গোড়ায় গোড়ায় (বর্ষণ কর)। আনাস (রাঃ) বলেন, তারপর বৃষ্টি বন্ধ হয়ে গেল, আর আমরা সূর্যের আলোতে হেঁটে হেঁটে বাইরে গেলাম। (রাবী) শারীক (রহ.) বলেন, আমি আনাস (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, সে ব্যক্তি কি প্রথম ব্যক্তি ছিল? তিনি বললেন, না।

English

The supplication

It was narrated from Anas bin Malik that: A man entered the masjid when the Messenger of Allah (**) was standing and delivering the Khutbah. He turned to face the Messenger of Allah (**) standing and said: 'O Messenger of Allah, our wealth has been destroyed and the routes have been cut off. Pray to Allah (SWT) to send us rain.' The Messenger of Allah (**) raised his hands then said: O Allah, send us rain. Anas said: By Allah, we had not seen even a wisp of a cloud in the sky and there were no houses or buildings between us and (the mountain of) Sal'. Then a cloud like a shield appeared, and when it reached the middle of the sky it spread and it began to rain. Anas said: By Allah, we did not see the sun for a week. Then a man entered through that door on the following Friday, when the Messenger of Allah (**) was standing and delivering the Khutbah. He turned to face him standing



and said: 'O Messenger of Allah (ﷺ), may Allah (SWT) send blessings upon you. Our wealth has been destroyed and the routes have been cut off. Pray to Allah (SWT) to withold (the rain) from us.' The Messenger of Allah (ﷺ) raised his hands and said: 'O Allah, around us and not on us.; O Allah, on the hills and mountains, the bottoms of the valleys and where the trees grow.' Then it stopped raining and we went out walking in the sun. Sharik said: 'I asked Anas: 'Was he the same man?' He said: 'No.'

ফুটনোট

সহীহঃ বুখারী ১০১৪, মুসলিম ৮৯৭। [দ্রঃ ১৫০৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন